বিশেষ স্বীকৃতি পেল ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’

বার্সেলোনা, রিয়াল মাদ্রিদ, পিএসজিসহ ইউরোপের ক্লাবগুলোর তুমুল জনপ্রিয়তা ছড়িয়ে পড়েছে বাংলাদেশে। এসব ক্লাবের সমর্থকগোষ্ঠীও তৈরি হয়েছে দেশে। চেলসির বাংলাদেশি সাপোর্টার্স ক্লাবও সেভাবেই গড়ে ওঠা। ২০১২ সালে এই সমর্থক দলটিকে স্বীকৃতিও দেয় চেলসি ক্লাব।

এবার এই সমর্থক দল পেয়েছে নতুন একটা স্বীকৃতি। ১ হাজার নিবন্ধিত সদস্যের মাইলফলক পেরোনোর পর ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’—কে ‘গোল্ড টায়ার’ সনদ দিয়েছে স্টামফোর্ড ব্রিজের ক্লাবটি।

বিশ্বজুড়ে চেলসির সমর্থক দল রয়েছে পাঁচশ’রও বেশি। তবে এর মধ্যে মাত্র ১৪টি সমর্থক দল এই গোল্ড টায়ার মর্যাদা অর্জন করতে পেরেছে। যে তালিকায় নাম রয়েছে ‘চেলসি বাংলাদেশ সাপোর্টার্স ক্লাব’-এর।

চেলসির ছাড়াও বার্সেলোনা রিয়াল মাদ্রিদ, জুভেন্টাস, ম্যানচেস্টার ইউনাইটেড, লিভারপুলের মতো ইউরোপের বড় ক্লাবগুলোর স্বীকৃত সমর্থকগোষ্ঠী আছে বাংলাদেশে।

ঝিনাইদহে আন্তঃ উপজেলা ভলিবল টুর্নামেন্টে হরিণাকুণ্ডু উপজেলা চ্যাম্পিয়ন

মুজিব শতবর্ষ উপলক্ষে ঝিনাইদহ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আন্তঃউপজেলা ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় হরিণাকুণ্ডু উপজেলা চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জণ করেছে।

গতকাল রবিবার বিকাল ৩টায় বীরশ্রেষ্ট হামিদুর রহমান স্টেডিয়ামে এ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এ খেলায় কালীগঞ্জ উপজেলাকে হরিণাকুণ্ডু উপজেলা ৩ - ২ সেটে পরাজিত করে।

বিজয়ী এবং বিজিত দলের মধ্যে ট্রফি বিতরণ করেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়া জাহেদী ফাউন্ডেশনের পক্ষ থেকে উভয় দলকে ২০হাজার টাকা করে প্রাইজমানি এবং খেলা পরিচালনায় অংশগ্রহনকারী সকলের মাঝে উপহার সামগ্রী তুলে দেন কাইয়ুম শাহরিয়ার হিজল।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহের পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, ঝিনাইদহ জেলা পরিষদ চেয়ারম্যান কনক কান্তি দাস, হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা, হরিণাকুণ্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা,

ঝিনাইদহ সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশেদুল ইসলাম রাসেল, কালীগঞ্জ উপজেলার ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান, শিক্ষক ও ক্রীড়ানুরাগী সুধী এবং দর্শকবৃন্দ। এ টুর্নামেন্ট গত ২৯নভেম্বর শুরু হয়ে গতকাল রবিবার শেষ হয়েছে।

দর্শক ফেরার ম্যাচে চেলসির দুর্দান্ত জয়

করোনার আতঙ্ক কাটিয়ে চেলসির ঘরের মাঠ স্টামফোর্ড ব্রিজে প্রায় ৯ মাস পরে দর্শক ফিরেছে। তবে দর্শকদের হতাশ করেনি লা ব্লুজরা। লিডস ইউনাইটেডকে হারিয়ে ইংলিশ প্রিমিয়ার লিগের (ইপিএলে) শীর্ষে

উঠে এসেছে চেলসি।

শনিবার রাতে ইপিএলে নিজেদের ১১ তম ম্যাচে চেলসি মুখোমুখি হয় লিডস ইউনাইটেডের। ম্যাচের শুরুতেই প্যাট্রিক বামফোর্ডের গোলে পিছিয়ে যায় তারা, কিন্তু শেষ পর্যন্ত ঘুরে দাঁড়িয়ে জয় নিয়ে তবেই মাঠ ছাড়ে ফ্রাঙ্ক ল্যাম্পার্ডের শিষ্যরা।

দুর্দান্ত ফর্মে থাকা অলিভার জিরুদের গোলে লিডসের বিপক্ষে ২৭ মিনিটে সমতা আনে চেলসি। এরপর আর পেছনে তাকাতে হয়নি; দ্বিতীয়ার্ধে জোউমা-পালিসিকের গোলে শেষ হাসি নিয়ে মাঠ ছাড়ে দলটি।

ইপিএলে ১১ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে চেলসি।

সম্মানার্থে মেসি ‘১০ নম্বর’ জার্সি তুলে রাখুক: ম্যারাডোনার বড় ছেলে

দিয়াগো ম্যারাডোনার বড় ছেলে দিয়াগো সিনাগ্রা চান, তার প্রয়াত বাবা সম্মানার্থে লিওনেল মেসি বার্সেলোনার ‘১০ নম্বর’ জার্সি তুলে রাখুক।

সিনাগ্রার ইচ্ছে, কেবল মেসি নন, যে ১০ নম্বর জার্সি পরে ম্যারাডোনা আর্জেন্টিনার প্রতিনিধিত্ব করেছেন এবং ক্লাবের হয়ে খেলেছেন সেই নম্বরকে যেন ওই ক্লাবগুলো অবসরে পাঠায়।

স্প্যানিশ গণমাধ্যমে দেওয়া এ সাক্ষাৎকারে এ কথা জানান ম্যারাডোনার বড় ছেলে দিয়াগো সিনাগ্রা। সিনাগ্রা বলেন, ‘যেসব দলে তিনি (ম্যারাডোনা) খেলেছেন, আমি মনে করি, বার্সাসহ। আমার কোনো সন্দেহ নেই।’
নাপোলিতে থাকাকালীন, ম্যারাডোনা দু’টি সিরি’আ জিতেছেন তার আইকনিক ১০ নম্বর জার্সি গায়ে। একই নাম্বার জার্সি পরে আর্জেন্টিনাকে বিশ্বকাপ জিতিয়েছেন তিনি। এরপর থেকে ক্লাব ও দেশের হয়ে এই জার্সি যেন ম্যারাডোনার উত্তরাধিকার।

এর আগে শ্রদ্ধা প্রদর্শনে ম্যারাডোনার ১০ নম্বর জার্সিকে অবসরে পাঠাতে ফিফা’কে অনুরোধ করেন ফরাসি ক্লাব মার্শেইর কোচ আন্দ্রে ভিয়াস-বোয়াস। চ্যাম্পিয়নস লিগে পোর্তোর বিপক্ষে পরাজয়ের পর টটেনহামের সাবেক কোচ ম্যারাডোনার প্রতি তার আবেগ দেখিয়ে বলেন, ‘ম্যারাডোনা? এটা খুবই কঠিন সংবাদ। আমি ফিফাকে অনুরোধ করব, সব প্রতিযোগিতায়, সব দল যেন তাদের ১০ নম্বর জার্সি তুলে রাখে। এটাই হবে উনার প্রতি আমাদের দেখানো সবচেয়ে বড় শ্রদ্ধা। উনার প্রস্থান বিশ্ব ফুটবলের জন্য অবিশ্বাস্য রকমের ক্ষতি।’

দর্শনায় বাউল পরিষদের উদ্যোগে ব্যাডমিন্টন প্রতিযোগিতা

জেলার একমাত্র লোকজ সাংস্কৃতিক সংগঠন বাউল পরিষদের প্রয়াত প্রতিষ্ঠাতা ইসরাইল হোসেন স্মৃতি ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গতকাল সন্ধ্যায় দর্শনা আকুন্দবাড়িয়া বাউল পরিষদের আয়োজনে অনুষ্ঠিত ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি দর্শনা থানার অফিসার্স ইনচার্জ মাহাবুবুর রহমান।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, খেলা-ধুলা করলে মন ও শরীর ভাল থাকে। চুপচাপ থাকলে শয়তানে মনে বাসা বাঁধে। আমি দর্শনা এলাকায় অনেকটাই মাদক মুক্ত করতে পেরেছি। খেলা-ধুলাই বেশি ব্যস্ত থাকলে মাদক থেকে দূরে থাকা যায়।

দর্শনা বাউল পরিষদ চত্বরে অনুষ্ঠিত ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বাউল পরিষদের ও দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, হানিফ মন্ডল ও দারগা মাজহারুল হক।

আলোচনা শেষে দর্শনা থানার অফিসার্স ইনচার্জ উপস্থিত সাধারণ দর্শকের মধ্যে মাস্ক বিতরণ করেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক আহসান হাবিব মামুন।

জীবননগরে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগরে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।গতকাল শনিবার বিকাল সাড়ে ৩টার সময় এ টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির আয়োজনে শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ, কে.ডি.কে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি মুন্সী নাসির উদ্দিন প্রমুখ।

জীবননগরে রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগর স্টেডিয়াম পাড়া রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার রাত সাড়ে ৭টার সময় জীবননগর স্টেডিয়াম পাড়া প্রবীণ সংঘের আয়োজনে স্টেডিয়াম মাঠে এ খেলার উদ্বোধন করা হয়।

রফিকুল ইসলাম পচার সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৩ নং ওর্য়াড কাউন্সিলার আতিয়ার রহমান, মহিলা কাউন্সিলার বিউটি খাতুন, শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু, নাসির উদ্দিন প্রমুখ।

ম্যারাডোনাকে গোল উৎসর্গ করতে গিয়ে হলুদ কার্ড পেলেন মেসি!

বর্তমান ফুটবলের অন্যতম মহাতারকা আর্জেন্টাইন সুপারস্টার লিওনেল মেসি হলুদ কার্ড পেলেন তার গুরু আরেক মহাতারকা ও আর্জেন্টাইন সুপারস্টার সদ্য প্রয়াত দিয়েগো ম্যারাডোনাকে গোল উৎসর্গ করতে গিয়ে।

গোল করার পর ম্যারাডোনার স্মৃতির প্রতি সম্মান জানাতে গিয়ে বার্সার জার্সি খুলে ফেলেন লিওনেল মেসি। জার্সি খুলতেই বেরিয়ে আসে লিওয়েলস ওল্ড বয়েজের জার্সি নম্বর ১০, যে জার্সি পরে ক্যারিয়ারের পড়ন্ত বেলায় খেলেছেন ‘ফুটবল ঈশ্বর’ম্যারাডোনা। আর মেসির ক্লাব ক্যারিয়ারও শুরু হয়েছিল ওল্ড বয়েজেই।

এরপর দুই হাত বাড়িয়ে সাবেক গুরুর প্রতি ভালোবাসার চুম্বনও ছুড়ে দেন মেসি। কিন্তু মাঠের রেফারি বিষয়টি আবেগের দৃষ্টিতে দেখেননি। তিনি সঙ্গে সঙ্গে বার্সা অধিনায়ককে হলুদ কার্ড দেখান।

এতে অবশ্য তার দোষ নেই। কারণ নিয়ম এটাই। কিন্তু এই হলুদ কার্ড দেখিয়ে স্বস্তিতে নেই রেফারি। তিনি নিজেই চান, ফিফা যেন মেসির হলুদ কার্ড প্রত্যাহার করে নেয়।

ঘটনাটি ঘটে রবিবার দিবাগত রাতে স্প্যানিশ লিগে বার্সেলোনা বনাম ওসাসুনার ম্যাচে। ম্যাচটি কাতালানরা জেতে ৪-০ গোলে। দলের হয়ে দুর্দান্ত একটি গোল করেন আর্জেন্টাইন ফুটবল জাদুকর লিওনেল মেসি। গোলটি করে তা প্রয়াত ম্যারাডোনাক উৎসর্গ করার জন্য বার্সার জার্সি খুলে ভেতরে থাকা ওল্ড বয়েজের জার্সি পরে হাত দুটো উপরে তুলে ধরেন এই আর্জেন্টাইন ফরোয়ার্ড। প্রিয় গুরুকে গোল উৎসর্গ করতে গিয়ে বার্সার জার্সি খোলায় নিয়ম অনুযায়ী হলুদ কার্ড দেখতে হয়েছে মেসিকে।

তবে ম্যাচের রেফারি অ্যান্তোনিও ম্যাতিউ অনুশোচনায় পুড়ছেন মেসিকে হলুদ কার্ড দেখানোর পর থেকে। তিনি আশা প্রকাশ করেন, মেসির সেই হলুদ কার্ড প্রত্যাহার করে নেবে ফিফা।

রেফারি ম্যাতিউ বলেন, “আমি যখন হলুদ কার্ডটি বের করার জন্য পকেটে হাত দিয়েছি, আমার হৃদয়টা ভেঙে গিয়েছিল। আমার মনে হয় ফিফার এই নিয়মটার (জার্সি খুললে হলুদ কার্ড) ব্যতিক্রম নিয়ম তৈরি করা উচিত। যখন কেউ কৃষ্ণাঙ্গ নির্যাতন বিরোধী আন্দোলন (ব্ল্যাক লাইভস মেটার) সমর্থন করে কিংবা কেউ কোনও কিংবদন্তিকে সম্মান জানায়, তখন ফিফার উচিৎ এটি ক্ষমা করে দেওয়া।

আমি শুধুমাত্র আমার দায়িত্ব পালন করেছি। নিয়ম ভঙ্গ করায় হৃদয়ভাঙা কষ্ট নিয়েই আমি কার্ডটি দেখাতে বাধ্য হয়েছি। ম্যারাডোনা একজন কিংবদন্তি ফুটবলার ছিলেন। আমি আশা করব লা লিগা অথবা ফিফা মেসির এই হলুদ কার্ডটি প্রত্যাহার করে নেবে।”

এসময় রেফারি মেসির সমর্থকদের প্রতি কার্ড দেখানোর এই বিষয়টি ব্যক্তিগত দৃষ্টিভঙ্গিতে না দেখার অনুরোধ জানান।

গত কয়েকদিন ধরেই পুরো বিশ্বের ক্রীড়াঙ্গন শোকের ছায়ায় আচ্ছাদিত হয়ে আছে। বুধবার (২৫ নভেম্বর) আর্জেন্টাইন কিংবদন্তি ফুটবলার দিয়েগো ম্যারাডোনা পৃথিবীর মায়া ছেড়ে চলে গেছেন। তার এই চলে যাওয়াটা পুরো ক্রীড়াঙ্গনে মন খারাপের কারণ হয়ে দাঁড়িয়েছে। ইউরোপের প্রায় সব ফুটবল লিগে ম্যাচ শুরুর আগেই এক মিনিট নীরবতা পালন করা হয়।

চেলসির সঙ্গে ড্র, শীর্ষে ফিরলো টটেনহ্যাম

ইংলিশ প্রিমিয়ার লিগে রবিবার রাতে চেলসির সঙ্গে গোলশূন্য ড্র করেছে টটেনহ্যাম হটস্পার। চেলসি বল দখলে এগিয়ে থাকলেও জালের নাগাল পায়নি টটেনহ্যামের। অবশ্য উভয় দলই হার এড়াতে রক্ষণাত্মক পন্থা অবলম্বন করে খেলেছে।

এদিকে, এই ড্রয়ে লিভারপুলকে গোল ব্যবধানে পেছনে ফেলে আবারও পয়েন্ট টেবিলের শীর্ষে ফিরেছে হোসে মরিনহোর শিষ্যরা। ১০ ম্যাচ থেকে টটেনহ্যামের সংগ্রহ ২১ পয়েন্ট। সমান ম্যাচ থেকে লিভারপুলের সংগ্রহও ২১ পয়েন্ট। তবে গোল ব্যবধানে এগিয়ে আছে টটেনহ্যাম। অন্যদিকে সমান ম্যাচ থেকে ১৯ পয়েন্ট নিয়ে চেলসি রয়েছে তৃতীয় স্থানে।

অবশ্য টটেনহ্যাম কোচ হোসে মরিনহো এমন ড্রয়ে খুশি হতে না পারলেও অসন্তুষ্ট নন। ম্যাচ শেষে তিনি যেমনটা বলেছেন, ‘এই ম্যাচ থেকে যে জিনিসটি আমি নিতে পারি সেটা হলো সাধারণত ড্র একটি ইতিবাচক ফল। আর এমন ড্রয়ে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান নেওয়াটাও ইতিবাচক ব্যাপার।

তবে ড্রেসিং রুম এই ফলে খুশী নয়। আমরাও খুশি নই। তবে আমার জন্য ব্যাপারটা দারুণ। কারণ, খেলোয়াড়দের মানসিকতা বদলাচ্ছে।’

ঝিনাইদহে আন্তঃউপজেলা ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে মুজিব শতবর্ষ উপলক্ষে জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে আন্তঃউপজেলা ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন হয়েছে ।

গতকাল রবিবার বিকেলে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে

এ টুর্নামেন্টের উদ্বোধন করেন মুক্তিযুদ্ধকালীন ঝিনাইদহের এসডিপিও বীর বিক্রম মাহবুব উদ্দিন আহমেদ।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও শৈলকুপা-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশী রাষ্ট্রদূত এম শহীদুল ইসলাম, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম,

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সরকারি কমিশনার (ভূমি) খান মোঃ আব্দুল্লা আল মামুন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম বিশ্বাস, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, জিপি এ্যাড. বিকাশ কুমার ঘোষ।

উদ্বোধনী খেলায় মুখোমুখি হয় ঝিনাইদহ সদর ও শৈলকুপা উপজেলা দল । এ টুর্নামেন্ট চলবে আগামী ৬ ডিসেম্বর পর্যন্ত। এতে জেলার ৬ উপজেলার ভলিবল দল অংশগ্রহণ করবে।